প্রকাশনার ৭৬ বছর
সংবাদ
সোমবার, ২০ জুলাই ২০২৬

# বুধবার ‘মার্চ টু শিক্ষা’ মন্ত্রণালয় ঘোষণা

প্রকাশের তারিখ : ১৪ জুলাই ২০২৬



শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলনের পদত্যাগ দাবিতে আগামীকাল বুধবার (১৫ জুলাই) ‘মার্চ টু শিক্ষা মন্ত্রণালয়’ কর্মসূচি ঘোষণা করেছেন শিক্ষার্থীরা।

একইসঙ্গে তারা মঙ্গলবার (১৪ জুলাই) রাতের মধ্যে শিক্ষামন্ত্রীর পদত্যাগের আলটিমেটাম দিয়েছেন।

এর আগে বেলা ৩টার দিকে উত্তরায় আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষ থেকে এই ঘোষণা দেওয়া হয়। পরে তারা উত্তরা বিএনএস সেন্টারের সড়ক থেকে সড়ে যান।

এদিকে একই দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাস এলাকায় বিক্ষোভ করছেন আন্দোলনকারীরা। পুলিশ ও বিজিবি পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করছে। ক্যাম্পাসে বিজিবি মোতায়েন করা হয়েছে।

এর আগে টানা বৃষ্টি ও জলাবদ্ধতার মধ্যে সোমবার এইচএসসি পরীক্ষা নেওয়ার প্রতিবাদে শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা রাজধানীর সায়েন্স ল্যাব মোড় এক ঘণ্টা অবরোধ করেন।

পরে তারা টিএসসি হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দিকে যান। ভিসি চত্বরের সামনে পুলিশ তাদের সরিয়ে দিলে শিক্ষার্থীরা নীলক্ষেত থেকে টিএসসিগামী সড়কে অবস্থান নেন। পরে তারা ঢাকা শিক্ষাবোর্ড ঘেরাও করেন।

শিক্ষার্থীরা পদার্থবিজ্ঞান প্রশ্নপত্রে ভুল ও কঠিন প্রশ্ন এবং বৈরী আবহাওয়ায় পরীক্ষা নেওয়ার প্রতিবাদে বিক্ষোভ করছেন।

শিক্ষার্থীরা আগামীকাল ‘মার্চ টু শিক্ষা মন্ত্রণালয়’ কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন। তারা দাবি আদায় না করা পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার হুমকি দিয়েছেন।

রাতের মধ্যে শিক্ষামন্ত্রীর পদত্যাগ না হলে বুধবার সকাল থেকেই কঠোর কর্মসূচি দেওয়া হবে বলে জানিয়েছেন আন্দোলনকারীরা।

---


প্রকাশনার ৭৬ বছর

সংবাদ

**সম্পাদক ও প্রকাশক**
**আলতামাশ কবির**

**নির্বাহী সম্পাদক**
**শাহরিয়ার করিম**

**প্রধান, ডিজিটাল সংস্করণ**
**রাশেদ আহমেদ**


কপিরাইট © ২০২৬ | সংবাদ | সর্বস্বত্ব সংরক্ষিত